



**COVID-19
VACCINE**
Public Health
Advice

আপনার COVID-19 বুস্টারগুলো গর্ভাবস্থায়

১৬ সেপ্টেম্বর ২০২২-এ
HSE দ্বারা প্রকাশিত
সংস্করণ ২



Rialtas na hÉireann
Government of Ireland

আমি কেন আরেকটি COVID-19 টিকা নেব?

আপনার COVID-19 টিকা গ্রহন হালনাগাদ রাখা গুরুত্বপূর্ণ, এমনকি আপনার ইতোমধ্যেই টিকা নেওয়া হয়ে থাকলেও অথবা আপনার COVID-19 সংক্রমণ হয়ে থাকলেও। এর কারণ:

- আপনার আগের ভ্যাকসিন থেকে আপনি যে সুরক্ষা পেয়েছেন বা COVID-19 সংক্রমণ থেকে আপনি যে সুরক্ষা লাভ করেছিলেন তা দিনে দিনে দুর্বল হয়ে যেতে পারে।
- আপনার যদি COVID-19 হয়ে থাকে তবে আপনি গুরুতর রোগের ঝুঁকিতে থাকতে পারেন

COVID-19 আপনার ও আপনার শিশুর স্বাস্থ্যের জন্য বিপজ্জনক। গর্ভাবস্থায় COVID-19-এ আক্রান্ত হলে বেশির ভাগ মানুষের খুব হালকা থেকে মাঝারি রকমের উপসর্গ থাকে। তবে, যারা গর্ভবতী নন তাদের তুলনায় আপনার বড় ধরনের অসুস্থ হয়ে পড়া এবং ইনটেনসিভ কেয়ারে চিকিৎসা নেওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এই ভাইরাস অকাল প্রসব বা মৃতশিশু প্রসবের মতো আরও অনেক সমস্যা সৃষ্টি করতে পারে আপনার শিশুর জন্য।

এক বছরের কম বয়সী শিশুদের জন্য COVID-19-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার এবং গুরুতর অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি বেশি থাকে। ছোট শিশু যাদের মাকে গর্ভাবস্থায় টিকা দেওয়া হয়েছিল এমন শিশুদের COVID-19-এ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা কম থাকে।

গর্ভাবস্থায় COVID-19 টিকা নিলে আপনি ও আপনার শিশু COVID-19 থেকে সবচেয়ে বেশি সুরক্ষিত থাকবে।

আমার কয়টি COVID-19 টিকার ডোজ নেওয়া প্রয়োজন?

গর্ভধারণের আগেই যদি আপনি টিকার প্রথম রাউন্ড (সাধারণত 2 ডোজ) এবং একটি একক বুস্টার ডোজ নিয়ে থাকেন, তাহলে আপনি আপনার গর্ভধারণের ১৬ সপ্তাহে কিংবা তার পরে (প্রথম বুস্টারের অন্তত ৪ মাস পরে) দ্বিতীয় বুস্টার নিতে পারেন।

আপনি যদি প্রথম বুস্টার-টিই বর্তমান গর্ভাবস্থায় গ্রহন করে থাকেন, তাহলে আপনার দ্বিতীয় বুস্টার ডোজের প্রয়োজন নেই।

আপনি যদি ইতোমধ্যেই এই টিকা গুলো না নিয়ে থাকেন, তবে আপনি গর্ভাবস্থার যে কোন পর্যায়ে COVID-19 টিকার প্রথম রাউন্ড বা প্রথম বুস্টার নিতে পারেন।

আমার কখন বুস্টার গ্রহন করা উচিত?

আপনার শেষ COVID-19 ভ্যাকসিনের ৪ মাস পরে আপনার বুস্টার গ্রহন করা উচিত। COVID-19 -এ আক্রান্ত হয়ে থাকলে বুস্টার গ্রহনের জন্য আপনাকে অন্তত ৪ মাস অপেক্ষা করতে হবে।

আমার বুস্টারের জন্য আমাকে কোন টিকা দেওয়া হবে?

ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA) এর অনুমোদনের অনুযায়ী আয়ারল্যান্ডের ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) দ্বারা তিনটি অভিজোজিত mRNA COVID-19 টিকার বুস্টার ডোজ হিসেবে সুপারিশ করা হয়েছে। এই টিকাগুলি হল:

- Comirnaty® BA.1 (Pfizer vaccine)
- Comirnaty® BA.4-5 (Pfizer vaccine)
- Spikevax® BA.1. (মডার্না টিকা)

অভিজোজিত টিকা গর্ভাবস্থায় দেওয়া যেতে পারে। যদিও আগের সমস্ত টিকা COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে, অভিজোজিত টিকাগুলি COVID-19 ভেরিয়েন্টের বিরুদ্ধে ব্যাপক সুরক্ষা দেবে বলে আশা করা হচ্ছে।

আমরা বুস্টারের নিরাপত্তা সম্পর্কে কি জানি?

আমাদের কাছে COVID-19-এর দ্বিতীয় এবং পরবর্তী বুস্টারের নিরাপত্তা সম্পর্কে তথ্য কম আছে। তবে, অনেক দেশ তাদের জনসংখ্যাকে কোভিড-19 এর টিকার একাধিক ডোজ দিয়েছে। অধ্যয়ন দেখা যায় যে যারা একাধিক বুস্টার গ্রহন করেছেন তাদের জন্য এ পর্যন্ত কোন অপ্রত্যাশিত নিরাপত্তা জনিত উদ্বেগ ছিল না।

আশা করা হচ্ছে যে অভিজোজিত টিকার নিরাপত্তা আগের টিকার মতোই হবে। টিকার নিরাপত্তা EMA দ্বারা পর্যবেক্ষণ করা অব্যাহত থাকবে।

সমস্ত অভিজোজিত টিকাগুলিতে ট্রোমেটামল থাকে এবং তাই আপনার যদি ট্রোমেটামলের অ্যানাফিল্যাক্সিস (শুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া) হয়ে থাকে তবে আপনি এটি গ্রহণ করতে পারবেন না।

বুস্টার টিকাগুলি কি ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি দ্বারা লাইসেন্সকৃত (ইএমএ)?

mRNA টিকার দ্বিতীয় বা পরবর্তী বুস্টার ইএমএ দ্বারা অনুমোদিত হয়নি।

স্থানীয় তত্ত্ব-উপাত্ত এবং বিবেচনার কারণে NIAC এর অনুমোদন EMA এর সুপারিশের তারতম্য ঘটতে পারে। আয়ারল্যান্ডে আমরা এনআইএসি- এর পরামর্শ মেনে চলি।

আমি অন্যান্য টিকা নেওয়ার সময়ে কি COVID-19- এর টিকা নিতে পারি?

হ্যাঁ। আপনার যদি ফ্লু বা পেটুসিস (ছপিং কাশি) টিকা গ্রহনের সময় হয়ে থাকে, তবে একই সময়ে আপনি যে কোনো COVID-19 টিকা পেতে পারেন।

পারটুসিস (ছপিং কাশি) টিকা গর্ভাবস্থার ১৬ থেকে ৩৬ সপ্তাহের মধ্যে সুপারিশ করা হয়, এবং সাধারণত আপনার চিকিৎসকের কাছে এটা সারা বছর পাওয়া যায়।

আরও তথ্য

আপনি আরও পড়তে পারেন ([2>hse.ie/covid19vaccine](https://hse.ie/covid19vaccine)-এ বা আমাদের টিমকে HSELive-এ 1800 700 700 নম্বরে ফোন করতে পারেন। এগুলি সোমবার থেকে শুক্রবার সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং শনিবার এবং রবিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকে।

(3>আপনি **আপনার চিকিৎসক, নার্স, ওষুধ বিক্রেতা বা টিকা প্রদানকারীর সাথেও কথা বলতে পারেন।**

১৬ সেপ্টেম্বর ২০২২-এ

HSE দ্বারা প্রকাশিত

সংস্করণ ২



Rialtas na hÉireann
Government of Ireland